



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা ৯২০৩

৩য় সমাবর্তন ২০১৮

বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩য় সমাবর্তন-২০১৮ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ১৭ ফেব্রুয়ারী ২০১৮ইং তারিখ থেকে ০৮ মার্চ ২০১৮ইং তারিখের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত যে কোন তারিখে উক্ত সমাবর্তন অত্র বিশ্ববিদ্যালয়ের সবুজ চত্বরে অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তন অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয় হতে ২০১০-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি ডিগ্রী এবং ২য় সমাবর্তনের পর হতে এ সময়কাল পর্যন্ত এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং, এম.এস-সি., এম.ফিল. ও পি-এইচ.ডি. ডিগ্রী অর্জন করেছে তাদের সবাইকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে আহ্বান করা যাচ্ছে। সমাবর্তন সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পাওয়া যাবে।

বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে অনলাইনের মাধ্যমে সমাবর্তন সম্পর্কিত ফরম পূরণ করে পাঠাতে হবে। ফরম পূরণ করে পাঠানোর পর রেজিস্ট্রেশন ফিস প্রাপ্তি সাপেক্ষে যাবতীয় তথ্য, প্রাপ্তি স্বীকার ও রেজিস্ট্রেশন নম্বর ই-মেইল (E-mail) এর মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাজুয়েটদেরকে জানিয়ে দেয়া হবে। তবে কেউ ইচ্ছা করলে যাবতীয় বিষয়াবলী সরাসরি এসে সম্পন্ন করতে পারবে।

৩য় সমাবর্তনে রেজিস্ট্রেশনের জন্য নিম্নলিখিত ফিস প্রদান করতে হবে। উক্ত ফিস জনতা ব্যাংক লিমিটেড, কুয়েট কর্পোরেট শাখায় 'রেজিস্ট্রার, কুয়েট, সমাবর্তন' নামে, সঞ্চয়ী হিসাব নং ০১০০০১৮৯১৫৪৮৫ এ জমা দেয়া যাবে (ফিস জমার সময় অবশ্যই রোল নম্বর উল্লেখ করতে হবে)। এছাড়া DBBL Mobile Banking (Rocket) এর Payment অপশনে Biller ID তে 350 ব্যবহার করে রেজিস্ট্রেশন ফিস জমা দেয়া যাবে (বিস্তারিত KUET এর Website এ পাওয়া যাবে)। তবে DBBL এর সার্ভিস চার্জ গ্রাজুয়েটকে বহন করতে হবে। রেজিস্ট্রেশন শুরুর তারিখ ০৯ জানুয়ারী ২০১৮ইং এবং শেষ তারিখ ৩১ জানুয়ারী ২০১৮ইং।

রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফিস

ক্রঃ নং	ডিগ্রীর নাম	নির্ধারিত ফিস	Accompanied Person সর্বোচ্চ একজন (বাবা/মা/স্বামী/স্ত্রী)
০১।	বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং/বিইউআরপি/ এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/ এম.এস-সি./এম.ফিল	৪০০০/-	২৫০০/-
০২।	এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং+বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং	৫০০০/-	
০৩।	পি-এইচ. ডি.	৪০০০/-	

রেজিস্ট্রেশন তারিখ: ০৯/০১/২০১৮ইং থেকে ৩১/০১/২০১৮ইং

রেজিস্ট্রেশন ফিস জমা: 'রেজিস্ট্রার, কুয়েট, সমাবর্তন', সঞ্চয়ী হিসাব নং 0100018915485

জনতা ব্যাংক লিমিটেড, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা।

(ফিস জমা প্রদানের সময় অবশ্যই রোল নম্বর উল্লেখ করতে হবে)

অথবা

DBBL Mobile Banking এর Payment অপশন (Biller ID 350)

(বিস্তারিত KUET এর Website এ পাওয়া যাবে)

ওয়েব সাইটঃ- www.kuet.ac.bd

রেজিস্ট্রার

ও

সচিব, স্ট্রিয়ারিং কমিটি, ৩য় সমাবর্তন-২০১৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়